


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০৯.২০.০১৭.১৯-১২৮১

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬
১৪ অক্টোবর ২০১৯

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ১.৫ অনুচ্ছেদ-এ ন্যূনতম একটি সেবা সহজিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় গবেষকদের মধ্যে অনুদান প্রদান করা হয়। উক্ত গবেষণা অনুদানের চেক ২টি ধাপে প্রদান করা হয়। প্রথম ধাপে ১ম ও ২য় কিস্তির অর্থ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয়। পরবর্তীতে দ্বিতীয় ধাপে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ চেকের মাধ্যমে নির্ধারিত তারিখে গবেষকদের প্রদান করা হয়ে থাকে। ১ম ও ২য় ধাপের ২টি চেকই বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা থেকে সংগ্রহ করতে হয়। এতে একই সাথে অনেক জন গবেষককে ছুটি নিয়ে চেক সংগ্রহের জন্য সচিবালয়ে আসা যাওয়া করতে হয়। ফলে ২য় ধাপের (৩য় ও ৪র্থ কিস্তির) চেক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় হতে সংগ্রহ না করে যদি নিজ প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে তাহলে গবেষকদের সময় ও আর্থিক সাশ্রয় হবে। সে হিসেবে ২০১৯-২০ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ঢাকা শহরের বাহিরে সবচেয়ে বেশি যে প্রতিষ্ঠানের গবেষকদের মধ্যে বিশেষ গবেষণা অনুদানের চেক প্রদান করা হবে তা হলো বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সেবা সহজিকরণের নিমিত্ত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর গবেষকদের চেক মন্ত্রণালয়ের হিসাব শাখার কর্মকর্তা/কর্মচারী এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ নির্ধারিত সময়ে উক্ত প্রতিষ্ঠানে গিয়ে সরাসরি চেক বিতরণ করবেন।


(ড. মো: গোলাম মোস্তফা)
উপসচিব
ফোন: ৯৫৭৬৫৩৯

রেজিস্ট্রার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

নং- ৩৯.০০.০০০০.০০৯.২০.০১৭.১৯-১২৮১

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬
১৪ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, বাজেট অধিশাখা-৩, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

(ড. মো: গোলাম মোস্তফা)
উপসচিব